



রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, রাজশাহী
ঋণ ও অগ্রিম বিভাগ-১

সার্কুলার লেটার নং-০৫/২০০৮

তারিখ : ২২-১০-২০০৮ ইং

সকল জোনাল ব্যবস্থাপক
উপ-মহাব্যবস্থাপক
ঢাকা শাখা / এলপিও
সকল শাখা ব্যবস্থাপক
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

বিষয় : নিবিড় পদ্ধতিতে মাছ চাষের জন্য “রাকাব মৎস্য পল্লী” ঋণ
কর্মসূচী গ্রহণ ও ঋণ নিয়মাচার পরিপালন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয়ে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর ৩১-০৭-২০০৮ তারিখের পরিপত্র নং- ০৪/২০০৮ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। উক্ত পরিপত্রে মাছ চাষের সনাতন পদ্ধতি পরিহার করে ধারাবাহিক পরিধারণের মাধ্যমে আধুনিক উন্নত প্রযুক্তি অনুসরণ করে সম্ভাবনাময় এলাকায় “এরিয়া এপ্রোচ” এর মাধ্যমে নিবিড় / আধানিবিড় পদ্ধতিতে মৎস্য পল্লী স্থাপনের জন্য নিম্নোক্ত ০৬(ছয়)টি মডেল উল্লেখ করা হয়েছিল।

(টাকার অংকে)

ক্রঃ নং	মডেলের নাম	জলায়তন	মোট উৎপাদন ব্যয়	অর্থায়ন পরিকল্পনা		বিনিয়োগের বিপরীতে বার্ষিক নীট মুনাফার হার (%)
				ব্যাংক ঋণ (৮০%)	উদ্যোক্তার বিনিয়োগ (২০%)	
১	পাঙ্গাস মাছ চাষ	৩০ শতাংশ	১২৮,০০০	১০২,০০০	২৬,০০০	২৩
২	পাঙ্গাস ও কার্প জাতীয় মাছ চাষ	৩০ শতাংশ	১০৫,৩০০	৮৪,০০০	২১,৩০০	৪৩
৩	কার্প জাতীয় মাছ চাষ	৩০ শতাংশ	৬৩,৩০০	৫০,০০০	১৩,৩০০	২১
৪	মনোসেম্ব তেলাপিয়া মাছ চাষ	১৫ শতাংশ	৩৮,১০০	৩০,০০০	৮,১০০	৬২
৫	থাই কৈ মাছ চাষ	১৫ শতাংশ	৩২,০০০	২৫,০০০	৭,০০০	১১৫
৬	নার্সারী পুকুরে পাঙ্গাস ও কার্প জাতীয় পোনা চাষ	৩০ শতাংশ	৪০,৪০০	৩২,০০০	৮,৪০০	১৪৮

০৩। একই পরিমাণ জলায়তন বিশিষ্ট পুকুরে পাঙ্গাস মাছ চাষে ঋণের পরিমাণ (Credit norm) তুলনামূলকভাবে বেশী হওয়ায় অধিক পরিমাণ ঋণ গ্রহণের উদ্দেশ্যে অনেক উদ্যোক্তা প্রয়োজনীয় কারিগরী জ্ঞান ছাড়াই পাঙ্গাস মাছ চাষের ঋণ গ্রহণ করে পাঙ্গাস মাছ চাষ না করে পুকুরে অন্য মাছের চাষ করতে পারে। সংশ্লিষ্ট খাতে গৃহীত ঋণের সদ্যবহার নিশ্চিত না হলে যেমন ঋণের উদ্দেশ্য ব্যাহত হবে তেমনি ঋণ আদায়ও ঝুঁকিপূর্ণ হয়ে পড়বে।

০৪। এমতাবস্থায় শাখা বা জোনাল কার্যালয় হতে পাঙ্গাস মাছ চাষের ঋণ প্রস্তাব সতর্কতার সাথে মঞ্জুরি এবং মঞ্জুরিকৃত ঋণের সদ্যবহার একশত ভাগ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট জোনাল ব্যবস্থাপকগণকে পরামর্শ দেয়া হলো।

০৫। ভবিষ্যতে এবিষয়ে কোন ধরনের অনিয়ম বা অসঙ্গতি পাওয়া গেলে সংশ্লিষ্ট শাখা বা জোনাল ব্যবস্থাপকের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(মোঃ লোকমান আলী)
সহকারী মহাব্যবস্থাপক

(মোঃ হাবিবুর রহমান)
উপ-মহাব্যবস্থাপক

পাতা-২

সূত্র নং- প্রকা/ঋওঅ-১/৪৬/২০০৮-২০০৯/২৩৫(৪৫০)

তারিখ : ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হল :

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের কার্যালয়, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/ সচিব / বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী / রংপুর।
- ০৭। অধ্যক্ষ রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ০৮। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ০৯। অফিস নথি / মহানথি

(জগন্নাথ ঘোষ)
মুখ্য কর্মকর্তা